

3rd Foreign Office Consultations between India and Paraguay (December 01, 2021)

December 02, 2021

ভারত এবং প্যারাগুয়ের মধ্যে তৃতীয় বিদেশ দপ্তর পরামর্শ (ডিসেম্বর 01, 2021) ডিসেম্বর 02, 2021

1 ডিসেম্বর 2021 -এ আসানসিওনে ভারত এবং প্যারাগুয়ের মধ্যে তৃতীয় বিদেশ দপ্তর পরামর্শ (এফওসি) অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন শ্রীমতী রিভা গাঙ্গুলি দাস, সচিব(পূর্ব) এবং প্যারাগুয়ের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন প্যারাগুয়ের উপ মন্ত্রীদ্বয় হিজ এক্সেলেন্সি মিস্টার মার্সেলো স্ক্যাপ্পিনিয়ান্ড এবং হিজ এক্সেলেন্সি মিস্টার রাউল ক্যানো রিক্কিয়ার্ডি।

2. উভয়পক্ষ বিস্তারিতভাবে তাদের দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেছেন। যার মধ্যে রয়েছে উচ্চ-পর্যায়ের পারস্পরিক আদানপ্রদান, বাণিজ্য ও বিনিয়োগ, কৃষি, স্বাস্থ্য এবং ফার্মা। উভয় পক্ষ সাংস্কৃতিক এবং কনসুলার বিষয়ে সহযোগিতাকে মজবুত করার পন্থাগুলি নিয়ে আলোচনা করেছেন এবং অতিমারি নিয়ন্ত্রণ নিয়ে মত বিনিময় করেছেন।

3. সময়মত ভারতে প্রস্তুত কোভ্যাক্সিন সরবরাহ করে তার টিকাকরণ অভিযানে সাহায্য করার জন্য প্যারাগুয়ে ভারতকে ধন্যবাদ জ্ঞাপন করেছে। খুব শীঘ্র আসানসিওনে রেসিডেন্ট মিশন খোলার ভারত সরকারের সিদ্ধান্তকেও তারা প্রশংসা করেছে।

4. দুই তরফ 2021-এ উপযুক্তভাবে দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 60 বছর উদযাপন করার জন্য সম্মত হয়েছেন। প্যারাগুয়ের তরফ থেকে ভারতের স্বাধীনতার 75 বছর উদযাপনে তাদের প্রস্তুত থাকার কথাও ব্যক্ত করা হয়েছে।

5. দক্ষিণ আফ্রিকা এবং দক্ষিণ আমেরিকার আঞ্চলিক ঘটনাবলী নিয়েও দুই পক্ষ তাদের মত বিনিময় করেছেন। দুই পক্ষই রাষ্ট্রপুঞ্জ সহ বাহুপাক্ষিক ফোরামে তাদের নিবিড় সহযোগিতার প্রতি উন্মুখ হয়ে রয়েছে।

আসানসিওন
ডিসেম্বর 01, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.